

সামার সেশনে অর্থাৎ আগামী মে-জুন মাসে যুক্তরাজ্যের এডেক্সেল বোর্ডের অধীনে 'ও' এবং 'এ' লেভেলের পরীক্ষা হচ্ছে না। তবে অক্টোবর-নভেম্বরের নির্ধারিত পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত এখন পর্যন্ত রয়েছে। কোনো শিক্ষার্থী পরীক্ষা দিতে চাইলে তখন অংশ নিতে পারবে। এ ছাড়া কেমব্রিজ বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষার ব্যাপারে এখনো সিদ্ধান্ত জানা যায়নি। জানা যায়, করোনা পরিস্থিতির কারণে যুক্তরাজ্য সরকার নিজ দেশের এই সামার সেশনের পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নিয়েছে। এর ধারাবাহিকতায় বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে পরিচালিত ব্রিটিশ কারিকুলামের উল্লেখিত সেশনের পরীক্ষাও বাতিল করা হয়েছে। পিয়ারসন-এডেক্সেলের বাংলাদেশ প্রধান আবদুল্লাহ লিটন জানান, ইউকের বোর্ডগুলোর একটি পিয়ারসন-এডেক্সেল। যেহেতু যুক্তরাজ্য সরকার আসন্ন সামার সেশনে (মে-জুন) কোনো পরীক্ষা নিচ্ছে না, তাই এই বোর্ডের অধীন বিশ্বের কোনো দেশেই 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষার পরীক্ষা হচ্ছে না। তবে কেউ চাইলে অক্টোবর-নভেম্বরে নির্ধারিত পরীক্ষায় অংশ নিতে পারবে। সেই পরীক্ষাটি নেওয়ার ব্যাপারে এখন পর্যন্ত সিদ্ধান্ত আছে।